

B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : DSE-2

(উনিশ শতকের বাংলা নাটক ও কথাসাহিত্য)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'বেঙ্গলী থিয়েটার' কবে, কোথায় প্রতিষ্ঠা করা হয়েছিল?
- (খ) 'কীর্তিবিলাস' ও 'ভানুমতী-চিত্তবিলাস' নাটকদুটির রচয়িতার নাম লেখো।
- (গ) কালীপ্রসন্ন সিংহ অনুদিত দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।
- (ঘ) বেলগাছিয়া নাট্যশালা কবে প্রতিষ্ঠিত হয়? ওই নাট্যশালায় অভিনীত প্রথম নাটকটির নাম লেখো।
- (ঙ) 'শর্মিষ্ঠা' কার লেখা নাটক? মহাভারতের কোন কাহিনি এই নাটকের উৎস?
- (চ) 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদের নাম কী? নাটকটির অনুবাদ প্রথম কে করেছিলেন বলে অনুমান?
- (ছ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের দুটি ইতিহাসাশ্রয়ী রোমান্টিক নাটকের নাম লেখো।
- (জ) উনিশ শতকে লেখা দুটি রবীন্দ্রনাটকের নাম প্রকাশকালসহ লেখো।
- (ঝ) 'মধুমতী' গল্পের লেখক কে? বাংলা সাহিত্যে এর গুরুত্ব কোথায়?
- (ঞ) 'গল্পস্বল্প' এবং 'ললিত ও সৌদামিনী' কার কার রচনা উল্লেখ করো।
- (ট) বঙ্কিমচন্দ্রের লেখা দুটি সামাজিক উপন্যাসের নাম উল্লেখ করো। তাঁর লেখা শেষ উপন্যাসের নাম কী?
- (ঠ) 'জীবনপ্রভাত' ও 'জীবনসন্ধ্যা' উপন্যাসদুটির লেখক কে? রচনাদুটির প্রকাশকাল লেখো।
- (ড) 'বন্ধাধিপ পরাজয়' কার লেখা উপন্যাস? তাঁর লেখা অন্য একটি উপন্যাসের নাম লেখো।
- (ঢ) 'মুগ্ধা' উপন্যাসের লেখক কে? এটি কোন বিখ্যাত উপন্যাসের উপসংহার?
- (ণ) উনিশ শতকের ঔপন্যাসিক শিবনাথ শাস্ত্রী ও ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি করে উপন্যাসের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) দ্বিজেন্দ্রলাল রায় রচিত ঐতিহাসিক নাটকগুলির বিশেষত্ব আলোচনা করো।
- (খ) প্রহসন রচয়িতা জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের মূল্যায়ন করো।
- (গ) সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের নাট্যপ্রতিভার পরিচয় দাও।
- (ঘ) ছোটগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

- ✓(ঙ) ঔপন্যাসিক সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ✓(চ) ঔপন্যাসিক হিসেবে স্বর্ণকুমারী দেবীর মূল্যায়ন করো।
- ৩। (ক) অথবা (খ)-এর মধ্যে একটি এবং (গ) অথবা (ঘ)-এর মধ্যে একটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- ✓(ক) বাংলা নাটকের ইতিহাসে রামনারায়ণ তর্করত্নের ভূমিকা আলোচনা করো।
- অথবা
- (খ) নাট্যকার দীনবন্ধু মিত্রের কৃতিত্ব আলোচনা করো।
- (গ) উনিশ শতকে বাংলা ছোটগল্পের উদ্ভব ও বিকাশের ক্রমপর্যায়টি আলোচনা করো।
- অথবা
- ✓(ঘ) ঔপন্যাসিক রমেশচন্দ্র দত্তের প্রতিভার মূল্যায়ন করো।
-